

০১। প্রশিক্ষণ সংক্রান্তঃ

প্রাতিষ্ঠানিক ট্রেড সমূহ ;

ক্রঃ নং	প্রশিক্ষণ ট্রেডের নাম	কোর্সের মেয়াদ	কোর্স শুরুর মাস	আসন সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	কোর্স ফি
০১	গবাদিপশু,হাঁস-মূরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি	৩ মাস	জুলাই, অক্টোবর, জানুয়ারী ও এপ্রিল	৪০ জন (আনাবাসিক)	৮ম শ্রেণী	১০০টাকা (প্রতি মাসে প্রশিক্ষণার্থীদের ৮৫০০ টাকা ভাতা প্রদান করা হয়)।
০২	পোষাক তৈরী	৩ মাস ৬ সপ্তাহ	প্রতি ১ জুলাই, অক্টোবর ও জানুয়ারী	২৫ জন (অনাবাসিক) ২০জন (অনাবাসিক)	৮ম শ্রেণী	৫০ টাকা
০৩	মৎস্য চাষ	১ মাস	প্রতি মাসের ১ তারিখ	২০ জন (অনাবাসিক)	৮ম শ্রেণী	৫০ টাকা
০৪	কম্পিউটার বেসিক	৬ মাস	প্রতি ১ জুলাই ও জানুয়ারী	৭০ জন (অনাবাসিক)	এইচ.এস.সি	১,০০০ টাকা
০৫	রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং	৬ মাস	প্রতি ১ জুলাই ও জানুয়ারী	২৫ জন (অনাবাসিক)	অষ্টম শ্রেণী	৩০০ টাকা
০৬	ইলেক্ট্রনিক্স	৬ মাস	প্রতি ১ জুলাই ও জানুয়ারী	২৫ জন (অনাবাসিক)	অষ্টম শ্রেণী	৩০০ টাকা
০৭	ইলেক্ট্রিক্যাল এন্ড হাউজওয়ারিং	৬ মাস	প্রতি ১ জুলাই ও জানুয়ারী	৩০ জন (অনাবাসিক)	অষ্টম শ্রেণী	৩০০ টাকা

অপ্রাতিষ্ঠানিক (ভার্ম্যমাণ) ট্রেড সমূহ:

ক্রঃ নং	প্রশিক্ষণ ট্রেডের নাম	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা
০১	পারিবারিক হাঁস-মুরগী পালন	৭/১৫/২১ দিন	৮ম শ্রেণী
০২	ছাগল পালন	-ঈ-	-ঈ-
০৩	গুরু মোটা-তাজাকরণ	-ঈ-	-ঈ-
০৪	পারিবারিক গাভী পালন	-ঈ-	-ঈ-
০৫	মৎস্য চাষ	-ঈ-	-ঈ-
০৬	বসত বাড়ীতে সবজি চাষ	-ঈ-	-ঈ-
০৭	নার্সারী	-ঈ-	-ঈ-
০৮	পোষাক তৈরী	-ঈ-	-ঈ-
০৯	স্থানীয় চাহিদার ভিত্তিতে ট্রেড নির্ধারণ	-ঈ-	-ঈ-

উক্ত অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ সমূহ উপজেলা পর্যায়ে এলাকার শিক্ষা প্রতিষ্ঠান ও যুব সংগঠন ক্লাবে অনুষ্ঠিত হয়ে থাকে। অপ্রাতিষ্ঠানিক তথা ভার্ম্যমাণ প্রশিক্ষণের জন্য কোন কোর্স ফি এর প্রয়োজন হয় না।

যোগাযোগের ঠিকানা:- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, গুরুদাসপুর, নাটোর।

০২। খণ কর্মসূচি:-

যুব খণঃ- প্রশিক্ষিত উদ্বৃক্তকরণ ও প্রশিক্ষণ এর মাধ্যমে আত্মকর্মে নিয়োজিত করা হয় যাতে তারা স্বাবলম্বী হতে পারে। আত্মকর্মে নিয়োজিত হওয়ার জন্য প্রকল্প স্থাপনের নিমিত্তে শুধুমাত্র যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের খণ সহায়তা প্রদান করা হয়ে থাকে। খণের শ্রেণী বন্যাস নিম্নরূপঃ

- (I) প্রাতিষ্ঠানিক ট্রেডঃ- একজন যুব/যুব মহিলাকে তার গৃহীত প্রকল্পের অনুকূলে ৬০,০০০ টাকা থেকে সর্বোচ্চ ১,০০,০০০ টাকা খণ প্রদান করা হয়ে থাকে।
- (II) অপ্রাতিষ্ঠানিক ট্রেডঃ- একজন যুব/যুব মহিলাকে তার গৃহীত প্রকল্পের অনুকূলে ৪০,০০০ টাকা থেকে সর্বোচ্চ ৬০,০০০ টাকা খণ প্রদান করা হয়ে থাকে।

সফল খণ পরিশোধকারীকে সর্বোচ্চ ৩ বার খণ প্রদানের ব্যবস্থা আছে। খণ পরিশোধের মেয়াদ ১২ মাস থেকে ৩৬ মাস পর্যন্ত। সর্বোচ্চ ৩ মাসের গ্রেস পিরিয়ড প্রদান করা হয়ে থাকে।

খণের সার্ভিস চার্জ ৫% যা ক্রমত্বাসমান হারে প্রায় অর্ধেক।

যোগাযোগের ঠিকানা:- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, বড়াইগ্রাম নাটোর।

(খ) পরিবারভিত্তিক খণঃ-

পারিবারিক ঐতিহ্য রক্ষাসহ মানবিক মূল্যবোধ সমুন্নত রাখার লক্ষ্যে পারিবারিক সম্প্রীতি, শ্রদ্ধাবোধ জাগিয়ে তোলার মাধ্যমে পরিবারকে উন্নয়নের একক হিসেবে প্রাধান্য দিয়ে স্বীয় পরিবেশে স্বীকরণসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে এ কর্মসূচি পালিত হয়ে আসছে। কর্মসূচির আওতায় ৫ জন সদস্যকে নিয়ে ১টি গ্রুপ এবং ৮ থেকে ১০টি গ্রুপ নিয়ে ১টি কেন্দ্র গঠন করা হয়। প্রতি গ্রুপের একজন গ্রুপ প্রধান এবং প্রতি কেন্দ্রে একজন কেন্দ্র প্রধান থাকেন। কেন্দ্রের প্রতি সদস্যকে ১ম দফায় ১২,০০০ টাকা, ২য় দফায় ১৬,০০০ টাকা,

৩য় দফায় ২০,০০০টাকা খণ্ড প্রদান করা হয়ে থাকে। খণ্ডের সার্ভিস চার্জ ক্রমত্বাসমান হারে ৫% যা যুব পরিশোধের পর শেষ ২ কিস্তিতে পরিশোধযোগ্য।

যোগাযোগের ঠিকানা:- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, বড়াইগ্রাম, নাটোর।

০৩। যুব সংগঠনকে রেজিস্ট্রেশন প্রদান:

যুব সংগঠন সমূহকে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্তকরণের মূল দায়িত্ব যুব উন্নয়ন অধিদপ্তর পালন করে থাকে। দেশের উন্নয়ন প্রক্রিয়ায় যুব সংগঠন সহযোগী শক্তি হিসেবে বলিষ্ঠ অবদান রাখতে সক্ষম। এরই অংশ হিসেবে বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠনসমূহকে দেশের উন্নয়ন কর্মকাণ্ডে আরও সক্রিয়ভাবে অংশগ্রহণ করানোর লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রেশন প্রদান করা হয়। যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) আইন ২০১৫ এবং যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা ২০১৭ অনুযায়ী স্বেচ্ছাসেবী বেসরকারী যুব সংগঠনকে নিবন্ধন প্রদান করা হচ্ছে।

যোগাযোগের ঠিকানা:- উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, মেডিপ্যাথ ভবন, চকরামপুর নাটোর এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৪। যুব সংগঠনকে অনুদান প্রদান:-

যুব সংগঠন সমূহকে কর্মসূচি বাস্তবায়নের জন্য আর্থিক সহায়তা প্রদানের নিমিত্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক যুব কল্যাণ তহবিল হতে প্রতি বছর অনুদান প্রদান করা হয়ে থাকে। তাছাড়া কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়নের জন্য অনুন্নয়ন খাত থেকেও প্রতি বছর অনুদান দেয়া হয়ে থাকে।

যোগাযোগের ঠিকানা:- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, বড়াইগ্রাম, নাটোর।

০৫। সার্ক ইয়ুথ এওয়ার্ড প্রদান:-

দক্ষিণ এশিয় অঞ্চলে যুবদের সৃজনশীল ও উৎসাহ ব্যাঞ্চক যুব কার্যক্রমের স্বীকৃতি স্বরূপ ১৯৯৭ সাল থেকে ‘সার্ক ইয়ুথ এওয়ার্ড’ স্বীম চালু করা হয়। প্রতি বছর সার্ক সচিবালয় থেকে বাংলাদেশেও সমাজ উন্নয়ন মূলক কর্মকাণ্ডে অসাধারণ কৃতিত্বের জন্য ‘সার্ক ইয়ুথ এওয়ার্ড’ প্রদান করা হয়।

যোগাযোগের ঠিকানা:- প্রধান কার্যালয়ের পরিচালক/উপপরিচালক (বাস্তবায়ন), জেলা কার্যালয়ের উপপরিচালক/সহকারী পরিচালক এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৬। কমনওয়েলথ যুব পুরস্কার প্রদান:-

যুব/যুব সংগঠকদের যুব উন্নয়ন কর্মকাণ্ডে অবদান/যুব সংগঠনের মাধ্যমে সমাজ উন্নয়ন কর্মকাণ্ড, আদিবাসী যুবদের উন্নয়ন মূলক কর্মকাণ্ড, যুব সংগঠনের মাধ্যমে প্রকল্পভিত্তিক কমিউনিটি ডেভেলপমেন্ট ও স্বনির্ভর কার্যক্রমের জন্য বাংলাদেশী যুব/যুব সংগঠনকে ‘কমনওয়েলথ ইয়ুথ এওয়ার্ড’ প্রদান করা হয়। নাটোর জেলায় কমনওয়েলথ ইয়ুথ এওয়ার্ড পেয়েছেন ০১ জন।

যোগাযোগের ঠিকানা:- প্রধান কার্যালয়ের পরিচালক/উপ-পরিচালক (বাস্তবায়ন), জেলা কার্যালয়ের উপ-পরিচালক/সহকারী পরিচালক এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৭। জাতীয় যুব পুরস্কার প্রদানঃ-

যুব উন্নয়ন অধিদপ্তর হতে যে সকল যুবক/যুব মহিলা প্রশিক্ষণ ও ঋণ গ্রহন করে আত্মকর্মসংস্থানে সফল হয়ে সমাজে দৃষ্টিগোচর স্থাপন করতে সক্ষম হন তাদের কাজের স্বীকৃতি স্বরূপ প্রতি বছর সফল যুব/যুব মহিলাকে জাতীয় যুব পুরস্কার প্রদান করা হয়।

২০২২ সাল পর্যন্ত নাটোর জেলার জাতীয় যুব পুরস্কার পেয়েছেন ০৮ জন।

যোগাযোগের ঠিকানা:- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, বড়াইগ্রাম নাটোর।